Resource Integration Centre (RIC)
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সমাজ কল্যাণ বিভাগ রেজিঃ নং-ঢ-০১১৬৪, এমআরএ সনদ নং-০০৩৪৯-০১৩৭৫-০০১৬৭, এনজিও বিষয়ক ব্যুরো রেজিঃ নং-১৭৭

সূত্র নং-রিক/কেন্দ্রীয়/প্রশাসন/২০২৬/৮২৭ তারিখ: ২৩/০৯/২০২৬ ইং

প্রতি
সকল এমপ্লয়ী
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

বিষয় : সংস্থায় কর্মরত স্টাফদের সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট, শেয়ার, রিএ্যাক্ট বা মন্তব্য করার ক্ষেত্রে নির্দেশনা।

প্রিয় সহকর্মী,
সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য বলা হলো-

১. সংস্থা, সহকর্মী, দাতাসংস্থা, সরকার, নিয়ন্ত্রনকারী ও অর্থায়নকারী প্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি ও এনজিও প্রতিষ্ঠানের বিরুদ্ধে বক্তব্য প্রচার/পোস্ট, শেয়ার/রিএ্যাক্ট ও মন্তব্য করা যাবে না।
২. রাজনৈতিক দলের পক্ষে বা বিপক্ষে প্রচারণা এবং ধর্মীয় বা সাম্প্রদায়িক উসকানিমূলক বক্তব্য প্রচার/পোস্ট, শেয়ার/রিএ্যাক্ট ও মন্তব্য করা যাবে না।
৩. বিদ্বেষমূলক, বৈষম্যমূলক, অশ্লীল বা যৌন হয়রানিমূলক কনটেন্ট পোস্ট, শেয়ার/রিএ্যাক্ট ও মন্তব্য করা যাবে না।
৪. গুজব, যাচাইবিহীন বা বিভ্রান্তিকর তথ্য প্রচার/পোস্ট, শেয়ার/রিএ্যাক্ট ও মন্তব্য করা যাবে না।
৫. সংস্থার গোপনীয় তথ্য যেমন অভ্যন্তরীণ নথি, আর্থিক তথ্য ইত্যাদি পোস্ট, শেয়ার/রিএ্যাক্ট ও মন্তব্য করা যাবে না।।
৬. উপকারভোগীদের সম্মতি ও সংস্থার অনুমোদন ছাড়া উপকারভোগীদের ব্যক্তিগত তথ্য, ছবি বা ভিডিও পোস্ট করা যাবে না।
৭. এআই এর মাধ্যমে বা যেকোন উপায়ে সংস্থার লোগো বা নামের স্টাইল, রং বিকৃত করা যাবে না।
৮. সংস্থার নাম বা লোগো ব্যবহার করে ব্যক্তিগত, বানিজ্যিক বা রাজনৈতিক প্রচার করা যাবে না।
৯. মাঠ পর্যায়ের নিরাপত্তা-সংবেদনশীল তথ্য, যেমন কর্মী/কর্মকর্তাদের রিয়েল টাইম অবস্থান, ভ্রমনসূচী বা অফিসের নিরাপত্তা ব্যবস্থার বিঘ্ন ঘটে এমন তথ্য/ছবি/ভিডিও পোস্ট করা যাবে না।

এই নির্দেশনা অমান্য করলে সংস্থার মানবসম্পদ ও প্রশাসনিক নীতিমালা অনুযায়ী কর্মকর্তার বিরুদ্ধে সর্বোচ্চ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

নির্দেশক্রমে

আফরোজা লায়লা
পরিচালক ও প্রধান ঋণ কর্মকর্তা, রিক

অনুলিপিঃ
১. নির্বাহী পরিচালক, রিক;
২. উপ ও সহকারী পরিচালক এবং বিভাগীয় ও সেল প্রধান (সকল);
৩. অফিস কপি।